# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

Web: www.bb.org.bd
Fax: 88-02-9512991

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০৮

তারিখঃ ভাদ্র ০২, ১৪২৮ / আগস্ট ১৭, ২০২১

**ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী**
বাংলাদেশের সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।**

দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (সিএমএসএমই) খাতের গুরুত্ব অপরিসীম। এ খাত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, সমতাভিত্তিক সমাজ গঠন এবং নারীর ক্ষমতায়নে বিশেষ ভূমিকা রাখে। তাই বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর মাধ্যমে নারী উদ্যোক্তাগণকে অগ্রাধিকার প্রদানপূর্বক নারী উদ্যোগে ঋণ/বিনিয়োগের পরিমাণ বৃদ্ধির জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে ২০২৪ সাল অন্তে তাদের সিএমএসএমই খাতের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ন্যূনতম ১৫% নারী উদ্যোগে বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারন করে দেয়া হয়। এতদ্ব্যতীত, নারী উদ্যোক্তাদের অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নানা প্রকার নীতি সহায়তা প্রদান করা হচ্ছে। তারই ধারাবাহিকতায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নারী উদ্যোক্তাদেরকে প্রদত্ত ঋণ/বিনিয়োগ যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। বর্ণিত প্রণোদনা সুবিধা বাস্তবায়নে নিম্নে বর্ণিত নির্দেশনা/নীতিমালা অনুসরণীয় হবেঃ

১। **প্রণোদনার নামঃ** "সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে নগদ প্রণোদনা সুবিধা"।

২। **তহবিলের উৎস** ঃ বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল।

৩। **মেয়াদঃ** জুলাই ০১, ২০২১ তারিখ হতে ডিসেম্বর ৩১, ২০২৪ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে এ সুবিধা প্রদান করা হবে।

৪। **প্রণোদনা প্রদানের হারঃ** বিতরণকৃত ঋণ যথাযথ ব্যবহারান্তে নির্ধারিত মেয়াদের মধ্যে সমন্বয়/আদায়/পরিশোধ হলে ব্যাংক ও গ্রাহক পর্যায়ের প্রত্যেককে মূলঋণের ১% হারে সর্বমোট ২% প্রণোদনা সুবিধা প্রদান করা হবে।

৫। **ঋণ/বিনিয়োগ বিতরণ ও আদায়ঃ**

ক) ঋণ/বিনিয়োগ মঞ্জুরী পত্রে প্রণোদনা সুবিধা প্রদান সংক্রান্ত বিষয়টির উল্লেখ থাকতে হবে।

খ) এ সুবিধার আওতায় ঋণ/বিনিয়োগ গ্রহণকারীর ঋণ/বিনিয়োগ সংশ্লিষ্ট তথ্যাদির ডাটাবেইজ সংরক্ষণ করতে হবে।

গ) ঋণ/বিনিয়োগ বিতরণ ও সমন্বয়/আদায়/পরিশোধের ক্ষেত্রে সেপ্টেম্বর ০৫, ২০১৯ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-২ এ বর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে।

৬। **প্রণোদনা সুবিধা দাবী ও নিষ্পত্তি প্রক্রিয়া ঃ**

ক) এ সুবিধার আওতায় যেকোন ঋণ/বিনিয়োগ সম্পূর্ণ সমন্বয়/আদায়/পরিশোধ হওয়া সাপেক্ষে উক্ত ঋণ/বিনিয়োগসমূহের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রণোদনা দাবী করতে পারবে।

খ) প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে যে সকল ঋণ/বিনিয়োগ নির্ধারিত মেয়াদে সমন্বয়/আদায়/পরিশোধ হয়েছে তার বিপরীতে মহাব্যবস্থাপক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর নিকট প্রণোদনার জন্য আবেদন দাখিল করতে হবে। উক্ত আবেদন পত্রের সাথে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ছকে(সংযোজনী-১) ত্রৈমাসিক ভিত্তিতে প্রণোদনার হিসাবায়ন সংযুক্ত করতে হবে।

গ) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক যথাযথভাবে যাচাইপূর্বক প্রণোদনা বাবদ প্রাপ্য অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাবে জমা করা হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পত্র মারফত অবহিত করা হবে।

ঘ) প্রণোদনার অর্থ বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্তির ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট নারী উদ্যোক্তার প্রাপ্য অংশ গ্রাহকের নামে রক্ষিত ব্যাংক হিসাবে/অনুকূলে প্রদান করবে। তবে, এ অর্থ দ্বারা কোন ঋণ হিসাব সমন্বয়/পরিশোধ করা যাবে না।

ঙ) ক্ষেত্রবিশেষে দৈবচয়ন ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক যে কোন সময় পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে। পরিদর্শনকালে কোন অনিয়ম উদঘাটিত হলে সে বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,

(হুসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২

**সংযোজনী-১**

<u>**সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা দাবী সংক্রান্ত বিবরণী।**</u>

**ব্যাংকের নামঃ**

**ত্রৈমাসের নামঃ**

| ক্রমিক | শাখার নাম ও ঠিকানা | নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নম্বর | নারী উদ্যোক্তার নাম | এনআইডি নং | মোবাইল নং | উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মাঝারি) | ঋণ/বিনিয়োগ হিসাব নং | ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর তারিখ | মঞ্জুরীকালীন ঋণ/বিয়োগের মেয়াদ | মঞ্জুরীকৃত মূলঋণ/বিয়োগের পরিমান | সুদ/মুনাফার হার | বিতরণকৃত মূলঋণ/বিয়োগের পরিমান | আদায়কৃত মূলঋণ/বিয়োগের পরিমান | ঋণ/বিনেয়োগ বিতরণের তারিখ | বিবেচনাধীন সময়ে অর্জিত সুদ/মুনাফার পরিমান | সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | | | | ব্যাংকের অংশ (১%) | নারী উদ্যোক্তার অংশ (১%) | মোট (২%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১=(১৯+২০) |
| | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | |
| **মোট পরিমান** | | | | | | | | | | | | | | | | | | | | |

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

অফিস ফোন নংঃ

মোবাইল ফোন নংঃ

ই-মেইলঃ